# বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড

১ম কোয়ার্টার

**(পেট্রোবাংলার একটি কোম্পানি)**

## জাতীয় শুদ্ধাচার কৌশল

**বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড (বিজিএফসিএল) এর শুদ্ধাচার কৌশল সংশ্লিষ্ট নৈতিকতা কমিটি কর্তৃক জেজিটিডিএসএল এবং এসজিএফএল এর শুদ্ধাচার সংশ্লিষ্ট কার্যক্রম পরিদর্শনের প্রতিবেদন।**

পেট্রোবাংলার সাথে কোম্পানিসমূহের শুদ্ধাচার সংশ্লিষ্ট একটি সভায় কোম্পানিসমূহের নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী-তে সিদ্ধান্ত অন্তর্ভূক্তির ক্ষেত্রে শুদ্ধাচার কর্ম-পরিকল্পনায় উল্লিখিত লক্ষ্যমাত্রাসমূহ হুবহু অন্তর্ভূক্ত না করে কর্ম-পরিকল্পনার বাইরে উত্তমচর্চা/সুশাসন প্রতিষ্ঠা/দুর্নীতি প্রতিরোধে সহায়ক কিছু সিদ্ধান্ত সংযোজনের পরামর্শ প্রদান করা হয়েছে। এ আলোকে বিজিএফসিএল এর শূদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২০২৪ এর ১ম কোয়ার্টার (জুলাই-সেপ্টেম্বর, ২০২৩) এর নৈতিকতা কমিটির সভায় নৈতিকতা কমিটি কর্তৃক "জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড (জেজিটিডিএসএল)" এবং "সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড (এসজিএফএল)" এর শুদ্ধাচার কৌশল বিষয়ক কার্যক্রম পরিদর্শনের সিদ্ধান্ত গৃহীত হয়। এ প্রেক্ষিতে, বিজিএফসিএল এর নৈতিকতা কমিটির নিম্নোক্ত ৩(তিন) জন্য সদস্য ১৮ ও ১৯ সেপ্টেম্বর ২০২৩ তারিখে জেজিটিডিএসএল এবং এসজিএফএল এর নৈতিকতা কমিটির সাথে মতবিনিময় করেন এবং তাদের শুদ্ধাচার কৌশল বিষয়ক কার্যক্রম পরিদর্শন করেন :

ক) জনাব এম, কে, মাসুক, উপমহাব্যবস্থাপক (বৈদেশিক সংগ্রহ) ও সদস্য, নৈতিকতা কমিটি;

খ) জনাব আবদুর রাজ্জাক খান, উপ-মহাব্যবস্থাপক (ইলেকট্রিক্যাল মেইনটেন্যান্স) এবং সদস্য-সচিব, নৈতিকতা কমিটি ও ফোকাল পয়েন্ট, শুদ্ধাচার কৌশল;

গ) জনাব মোহাম্মদ মোস্তফা কামাল, ব্যবস্থাপক (পার্সোনেল) ও সদস্য, নৈতিকতা কমিটি।

**জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড পরিদর্শন :**

বিজিএফসিএল-এর শুদ্ধাচার কৌশল বিষয়ক ফোকাল পয়েন্ট ও নৈতিকতা কমিটির সদস্যগণ জেজিটিডিএসএল-এর নৈতিকতা কমিটির সাথে ১৮ সেপ্টেম্বর ২০২৩ তারিখে মতবিনিময় সভায় মিলিত হয়। সভায় জেজিটিডিএসএল-এর পক্ষে জনাব মোঃ আব্দুল্লাহ, মহাব্যবস্থাপক (প্রশাসন) ও সদস্য, নৈতিকতা কমিটি, জনাব মোঃ শহিদুল ইসলাম, কোম্পানি-সচিব ও সদস্য, নৈতিকতা কমিটি, জনাবা কৃষ্ণা রাণী পাল, উপমহাব্যবস্থাপক (প্রশাসন), জনাব মোঃ রফিকুল ইসলাম, উপমহাব্যবস্থাপক (জেসাডি) এবং সদস্য-সচিব, নৈতিকতা কমিটি ও ফোকাল পয়েন্ট, শুদ্ধাচার কৌশল, জনাব মোঃ শাহজালাল, উপমহাব্যবস্থাপক (সংস্থাপন) এবং জনাব মোঃ এনামুল হক, ব্যবস্থাপক (কমন সার্ভিস) অংশগ্রহণ করেন। সভায় উভয় কোম্পানির ২০২৩-২০২৪ অর্থ-বছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা উপস্থাপনপূর্বক এর উপর আলোচনা, পর্যালোচনা এবং অভিজ্ঞতা বিনিময় হয়। শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের মাধ্যমে স্বচ্ছতা ও জবাবদিহীতা নিশ্চিত করে পেট্রোবাংলার কোম্পানিসমূহ দেশের উন্নয়ন ও অগ্রগতিতে ভূমিকা রাখতে সমর্থ হবে মর্মে সভায় অভিমত ব্যক্ত করা হয়। এক্ষেত্রে আন্তঃ কোম্পানি মত বিনিময় প্রোগ্রাম পারস্পরিক সম্পর্ক উন্নয়নের পাশাপাশি শুদ্ধাচার চর্চায় বিশেষ ভূমিকা রাখতে পারে উল্লেখ করে জেজিটিডিএসএল-এর নৈতিকতা কমিটি বিজিএফসিএল-এর উদ্যোগকে স্বাগত জানায়।

## সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড পরিদর্শন :

বিজিএফসিএল-এর শুদ্ধাচার কৌশল বিষয়ক ফোকাল পয়েন্ট ও নৈতিকতা কমিটির সদস্যগণ এসজিএফএল-এর নৈতিকতা কমিটির সাথে ১৯ সেপ্টেম্বর ২০২৩ তারিখে মতবিনিময় সভায় মিলিত হয়। সভায় এসজিএফএল-এর পক্ষে জনাব পান্না লাল ধর, মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ) ও সদস্য, নৈতিকতা কমিটি, জনাব তারেক আহমদ, ব্যবস্থাপক (লিগ্যাল এন্ড পাবলিক রিলেশনস) ও সদস্য, নৈতিকতা কমিটি, জনাব মোঃ শাহে আলম, ব্যবস্থাপক (ব্যাংক) ও সদস্য, নৈতিকতা কমিটি, জনাব মোঃ হেলাল উদ্দিন, ব্যবস্থাপক (সাধারন প্রশাসন) ও সদস্য-সচিব, নৈতিকতা কমিটি ও ফোকাল পয়েন্ট, শুদ্ধাচার কৌশল এবং জনাব মইনুল হোসেন, উপব্যবস্থাপক (সার্ভিসেস) অংশগ্রহণ করেন। সভায় উভয় কোম্পানির ২০২৩-২০২৪ অর্থ-বছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা উপস্থাপনপূর্বক এর উপর আলোচনা, পর্যালোচনা এবং অভিজ্ঞতা বিনিময় হয়। শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের মাধ্যমে স্বচ্ছতা ও জবাবদিহীতা নিশ্চিত করে পেট্রোবাংলার কোম্পানিসমূহ দেশের উন্নয়ন ও অগ্রগতিতে ভূমিকা রাখতে সমর্থ হবে মর্মে সভায় অভিমত ব্যক্ত করা হয়। এক্ষেত্রে আন্তঃ কোম্পানি মত বিনিময় প্রোগ্রাম পারস্পরিক সম্পর্ক উন্নয়নের পাশাপাশি শুদ্ধাচার চর্চায় বিশেষ ভূকিতা রাখতে পারে উল্লেখ করে এসজিএফএল-এর নৈতিকতা কমিটি বিজিএফসিএল-এর উদ্যোগকে স্বাগত জানায়।

## মতামত ও সুপারিশ :

পেট্রোবাংলা এবং এর আওতাধীন কোম্পানিসমূহের মধ্যে পারস্পরিক যোগাযোগ ও মতবিনিময়ের বিষয়টি খুবই গুরুত্বপূর্ণ। শুদ্ধাচার চর্চার ক্ষেত্রে এটি বিশেষ ফলপ্রসু হবে বলে আশা করা যায়। এছাড়া, সরাসরি যোগাযোগের মাধ্যমে সম্পর্কের উন্নতি হয় যা শুদ্ধাচার চর্চার পদক্ষেপসমূহকে আরও বেগবান করবে। ভবিষ্যতে এ ধরণের কার্যক্রম অব্যাহত রাখার জন্য বিজিএফসিএল'র শুদ্ধাচার সংক্রান্ত নৈতিকতা কমিটি সুপারিশ করছে।

২৬/০৯/২০২৩

(আবদুর রাজ্জাক খান)
উপমহাব্যবস্থাপক (ইলেকট্রিক্যাল মেইনটেন্যান্স) এবং
সদস্য-সচিব, নৈতিকতা কমিটি ও ফোকাল পয়েন্ট, শুদ্ধাচার কৌশল
বিজিএফসিএল।

বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)

নৈতিকতা কমিটি

তারিখ: ২৬ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ
১০ সেপ্টেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ২৮.১০.১২১৩.৭১৬.১৪.০০১.১৯.৪৬

বিষয়: **বিজিএফসিএল এর নৈতিকতা কমিটি কর্তৃক এসজিএফএল এবং জেজিটিডিএসএল এর শুদ্ধাচার কৌশল বিষয়ক কার্যক্রম পরিদর্শন প্রসঙ্গে।**

বিজিএফসিএল এর শূদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২০২৪ এর ১ম কোয়ার্টার (জুলাই-সেপ্টেম্বর, ২০২৩) এর নৈতিকতা কমিটির সভায় বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানি লিমিটেড (বিজিএফসিএল) এর নৈতিকতা কমিটি কর্তৃক সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড (এসজিএফএল) এবং জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড (জেজিটিডিএসএল) এর শুদ্ধাচার কৌশল বিষয়ক কার্যক্রম পরিদর্শনের সিদ্ধান্ত গৃহীত হয়। এ আলোকে বিজিএফসিএল এর নৈতিকতা কমিটির ৪(চার) জন্য সদস্য (২ জন উপমহাব্যবস্থাপক ও ২ জন ব্যবস্থাপক) আগামী ১৮ ও ১৯ সেপ্টেম্বর ২০২৩ তারিখ এসজিএফএল এবং জেজিটিডিএসএল এর নৈতিকতা কমিটির সাথে সভায় মিলিত হবেন এবং শুদ্ধাচার কৌশল বিষয়ক কার্যক্রম পরিদর্শন করবেন। এ ব্যাপারে আপনাদের পক্ষ হতে প্রয়োজনীয় সার্বিক সহযোগিতার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

১০-০৯-২০২৩
মোঃ আব্দুস সুলতান
ব্যবস্থাপনা পরিচালক ও সভাপতি, নৈতিকতা কমিটি,
বিজিএফসিএল।

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। ব্যবস্থাপনা পরিচালক, এসজিএফএল এবং
২। ব্যবস্থাপনা পরিচালক, জেজিটিডিএসএল।

তারিখ: ২৬ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ
১০ সেপ্টেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ২৮.১০.১২১৩.৭১৬.১৪.০০১.১৯.৪৬/১ (২)

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সকল মহাব্যবস্থাপক, বিজিএফসিএল এবং
২। নৈতিকতা কমিটি, বিজিএফসিএল।

১০-০৯-২০২৩
মোঃ আব্দুস সুলতান
ব্যবস্থাপনা পরিচালক ও সভাপতি, নৈতিকতা কমিটি,
বিজিএফসিএল।

# বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানি)

প্রধান কার্যালয়, বিরাসার, ব্রাহ্মণবাড়িয়া।

## জেজিটিডিএসএল-এর নৈতিকতা কমিটির সাথে মত বিনিময় সভায় উপস্থিতির বিবরণীঃ

তারিখ: ১৮ সেপ্টেম্বর ২০২৩

| ক্রমিক নং | নাম ও পদবি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) | স্বাক্ষর |
|---|---|---|
| ১। | জনাব মোঃ আব্দুল্লাহ<br>মহাব্যবস্থাপক (প্রশাসন) ও<br>সদস্য, নৈতিকতা কমিটি,জেজিটিডিএসএল, সিলেট। | ১৮/৯/২৩ |
| ২। | জনাব মোঃশহিদুল ইসলাম<br>কোম্পানি সচিব ও<br>সদস্য, নৈতিকতা কমিটি,জেজিটিডিএসএল, সিলেট। | ১৮/৯/২০২৩ |
| ৩। | জনাবা কৃষ্ণা রাণী পাল<br>উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন), জেজিটিডিএসএল, সিলেট। | ১৮/০৯/২০২৩ |
| ৪। | জনাব মোঃরফিকুল ইসলাম<br>উপ-মহাব্যবস্থাপক(জেসাডি) এবং<br>সদস্য-সচিব, নৈতিকতা কমিটি ও<br>ফোকাল পয়েন্ট,শুদ্ধাচার কৌশল, জেজিটিডিএসএল। | ১৮.৯.২৩ |
| ৫। | জনাব এম,কে, মাসুক<br>উপ-মহাব্যবস্থাপক(বৈদেশিক সংগ্রহ) ও<br>সদস্য, নৈতিকতা কমিটি,বিজিএফসিএল। | ১৮/৯/২৩ |
| ৬। | জনাব আবদুর রাজ্জাক খান<br>উপ-মহাব্যবস্থাপক(ইলেকট্রিক্যাল মেইনটেন্যান্স) এবং<br>সদস্য-সচিব, নৈতিকতা কমিটি ও<br>ফোকাল পয়েন্ট,শুদ্ধাচার কৌশল, বিজিএফসিএল। | 18.09.2023 |
| ৭। | জনাব মোঃ শাহজালাল<br>উপ-মহাব্যবস্থাপক (সংস্থাপন), জেজিটিডিএসএল, সিলেট। | ১৮/০৯/২৩ |
| ৮। | জনাব মোহাম্মদ মোস্তফা কামাল<br>ব্যবস্থাপক (পার্সোনেল) ও<br>সদস্য, নৈতিকতা কমিটি,বিজিএফসিএল। | ১৮/০৯/২৩ |
| ৯। | জনাব মোঃ এনামুল হক<br>ব্যবস্থাপক (কমন সার্ভিস), জেজিটিডিএসএল, সিলেট। | ১৮/৯/২৩ |

Scanned with CamScanner







# বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড

**(পেট্রোবাংলার একটি কোম্পানি)**

**প্রধান কার্যালয়, বিরাসার, ব্রাহ্মণবাড়িয়া।**

**১৯ সেপ্টেম্বর ২০২৩ তারিখে সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড-এর প্রধান কার্যালয়স্থ কনফারেন্স কক্ষে**
**<u>এসজিএফএল-এর নৈতিকতা কমিটির সাথে মতবিনিময় সভায় উপস্থিতির স্বাক্ষর :</u>**

| ক্রমিক নং | নাম ও পদবি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) | স্বাক্ষর |
|---|---|---|
| ১। | জনাব পান্না লাল ধর<br>মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ), এসজিএফএল। | |
| ২। | জনাব এম, কে, মাসুক<br>উপ-মহাব্যবস্থাপক(বৈদেশিক সংগ্রহ) ও<br>সদস্য, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল। | |
| ৩। | জনাব আবদুর রাজ্জাক খান<br>উপ-মহাব্যবস্থাপক (ইলেকট্রিক্যাল মেইনটেন্যান্স) এবং<br>সদস্য-সচিব, নৈতিকতা কমিটি ও<br>ফোকাল পয়েন্ট, শুদ্ধাচার কৌশল, বিজিএফসিএল। | 19.09.2023 |
| ৪। | জনাব তারেক আহমদ<br>ব্যবস্থাপক (লিগ্যাল এন্ড পাবলিক রিলেশনস) ও<br>সদস্য, নৈতিকতা কমিটি, এসজিএফএল। | |
| ৫। | জনাব মোঃ শাহে আলম<br>ব্যবস্থাপক (ব্যাংক) ও<br>সদস্য, নৈতিকতা কমিটি, এসজিএফএল। | |
| ৬। | জনাব মোঃ হেলাল উদ্দিন<br>ব্যবস্থাপক (সাধারন প্রশাসন) ও<br>সদস্য-সচিব, নৈতিকতা কমিটি ও<br>ফোকাল পয়েন্ট, শুদ্ধাচার কৌশল, এসজিএফএল। | |
| ৭। | জনাব মোহাম্মদ মোস্তফা কামাল<br>ব্যবস্থাপক (পার্সোনেল) ও<br>সদস্য, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল। | |
| ৮। | জনাব মইনুল হোসেন<br>উপ-ব্যবস্থাপক (সার্ভিসেস) ,এসজিএফএল। | |





